# বিভাগ পর্যায়ের উপ-ভূমি সংস্কার কমিশনারের দায়িত্ব ও কর্মপরিধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ভূমি সংস্কার বোর্ড**
**শাখা নং-২**
**১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।**

**আদেশ**

স্মারক নং - ভূ:স:বো:-২/৭ব-৭/৯১/৯৩৫ তারিখ : ২৫-০৭-১৯৯২ খ্রি:

**বিষয় : বিভাগ পর্যায়ের উপ-ভূমি সংস্কার কমিশনারের দায়িত্ব ও কর্মপরিধি:**

ভূমি সংস্কার বোর্ডের অধীনে দেশের বিভিন্ন বিভাগে উপ-ভূমি কমিশনারগণ কাজ করিতেছেন। তাঁহাদের দায়িত্ব ও কর্তব্যের পরিধি সম্পর্কে সুস্পষ্ট নির্দেশ জারী করা একান্ত জরুরী হইয়া পড়িয়াছে।

২। বিষয়টি বিশদভাবে পর্যালোচনা করিয়া লক্ষ্য করা গিয়াছে যে বিভাগ পর্যায়ে উপ-ভূমি সংস্কার কমিশনারদের অফিসগুলিকে মাঠ পর্যায়ের কোন নির্বাহী/প্রশাসনিক স্তর হিসাবে গণ্য করা সঠিক না। কেননা ইহাতে বিদ্যমান মাঠ প্রশাসনের কাঠামোগত স্তরগুলির সহিত অসামঞ্জস্যতা এবং দ্বৈততা সৃষ্টির আশংকা দেখা দিবে। এই প্রেক্ষিতে এই অফিসগুলির দায়িত্ব ও কর্তব্য মূলতঃ তদারকিমূলক এবং ভূমি সংস্কার বোর্ডের দায়িত্বের সম্পূরক হিসাবে চিহ্নিত করা হইয়াছে।

৩। এতদ্বারা বিভাগ পর্যায়ের উপ-ভূমি সংস্কার কমিশনারদের দায়িত্ব ও কর্তব্যের ধরন এবং পরিধি সম্পর্কে সকল প্রকার অস্পষ্টতা দূরীকরণার্থে নিম্নরূপভাবে নির্ধারিত করা হইল।

## ক. পরিদর্শন:

১. বিভাগ পর্যায়ের উপ-ভূমি সংস্কার কমিশনারদের মূল দায়িত্ব হইবে মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহ যথা-ইউনিয়ন ভূমি অফিস, থানা ভূমি অফিস, ও জেলা প্রশাসকের ভূমি অধিশাখা নিয়মিত পরিদর্শন করা। এই ব্যাপারে তাঁহারা প্রতি মাসে নিম্নবর্ণিত ন্যূনতমসংখ্যক অফিস পূর্ণভাবে পরিদর্শন করিবেনঃ

| | |
|---|---|
| ইউনিয় ভূমি অফিস | ৬টি |
| থানা ভূমি অফিস | ৩টি |
| জেলা প্রশাসকের ভূমি অধিশাখা | ২টি |

২. ইহা ছাড়াও তাঁহারা তাঁহাদের এলাকার বিশেষ বিশেষ সরকারি ভূমি/ স্থাপনাসমূহ যেমন চরভূমি, জলমহাল, বনভূমি, চারণভূমি, রাবার ভূমি, অর্পিত/ অনিবাসী সম্পত্তি/ হাট-বাজার ইত্যাদি পরিদর্শন করিবেন।



Scanned with CamScanner

৩. পরিদর্শন শেষে তাঁহারা যথাসম্ভব দ্রুততার সহিত পরিদর্শন প্রতিবেদন প্রণয়ন করতঃ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন।

৪. পরিদর্শন প্রতিবেদনে বর্ণিত দোষত্রুটি সংশোধনসহ যাবতীয় অনুবর্তী ব্যবস্থাদি সঠিকভাবে গৃহীত হইতেছে কিনা তাহার জন্য তাঁহারা কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবেন। তবে তহবিল তসরূপ, আইন ভংগ ইত্যাদি ধরনের কোন গুরুতর বিষয় পরিদর্শনকালে সনাক্ত করিয়া থাকিলে সেই সম্পর্কে ত্বড়িৎ প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করিবেন।

**খ. তদন্ত**

সংশ্লিষ্ট উপ-ভূমি সংস্কার কমিশনারগণ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক তাঁহাদের উপর অর্পিত সকল প্রকার তদন্ত কার্য যথারীতি সম্পন্ন করিবেন। ইহা ছাড়াও ভূমি ব্যবস্থাপনা সম্পর্কিত যে সকল অভিযোগ সরাসরি পাইবেন ঐগুলি তাঁহারা নিজস্ব এখতিয়ারে তদন্ত করিতে পারিবেন।

**গ. ভ্রমণ**

পরিদর্শন ও তদন্ত উপলক্ষে তাঁহারা নিয়মিতভাবে তাঁহাদের অধিক্ষেত্র এলাকায় ভ্রমণ করিবেন। সাধারণতঃ মাসিক অথবা পাক্ষিক মেয়াদের পূর্ব নির্ধারিত কর্মসূচীর ভিত্তিতে তাঁহারা ভ্রমণ সম্পন্ন করিবেন। এইরূপ ভ্রমণকালে নিয়মিত রাত্রিযাপন নিশ্চিত করিতে হইবে। এই ব্যাপারে মাসিক ভিত্তিতে নিম্নবর্ণিত ন্যূনতম মানদণ্ড নির্ধারণ করা হইলঃ

| | |
|---|---|
| ভ্রমণ | ১৫ দিন |
| রাত্রিযাপন | ১০ দিন |

বিভিন্ন সভায় যোগদানের উদ্যোগে ভ্রমণ ও রাত্রিযাপন উপরোক্ত মানদণ্ড এর অন্তর্ভুক্ত হইবে না।

**ঘ. ভূমি সম্মেলনঃ**

নিয়মিত ভ্রমণের অংশ হিসাবে তাঁহারা মাঠ পর্যায়ের মাসিক ভূমি সম্মেলনে যোগদান করিবেন।

৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ ফয়েজউল্লা)
চেয়ারম্যান।

Scanned with CamScanner